গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ২৪ নভেম্বর ২০১৬, ১০ অগ্রহায়ণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দেশের সার্বভৌমত্ব রক্ষায় সতর্ক থাকুন : সেনা সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী

২। রাষ্ট্রপতির সঙ্গে প্রধান নির্বাচন কমিশনারের সাক্ষাত

৩। জঙ্গিরা স্বাভাবিক জীবনে ফিরে এলে পুনবার্সন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। এসডিজি অর্জনে বিনিয়োগ বৃদ্ধির বিকল্প নেই
: এমডিজির মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে বক্তারা

৫। বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজ করছে : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী

৬। কর্মরত অবস্থায় শ্রমিক মারা গেলে ক্ষতিপূরণ ৫ লাখ টাকা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

৭। আগামী ডিসেম্বরে ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৮। মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব : বাংলাদেশের কড়া প্রতিবাদ

৯। মহান মুক্তিযুদ্ধে অবদান রাখায় আরও ২৪ বীরাঙ্গনা পেল মুক্তিযোদ্ধার স্বীকৃতি

১০। কেউ পাস করেনি বা ভর্তি হয়নি এমন স্কুল-কলেজের অনুমোদন বাতিলের নির্দেশ :
শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারি

১১। তৈরি পোশাক, চামড়া ও পাট খাতে বিনিয়োগে আগ্রহী ওমান

১২। জলবায়ু পরিবর্তন তহবিলে অর্থায়নের ক্ষেত্রে
উন্নত দেশের প্রতিশ্রুত অনুদান আদায়ে সচেষ্ট হতে হবে : টিআইবি

চলমান পাতা-২

১। **দেশের সার্বভৌমত্ব রক্ষায় সতর্ক থাকুন : সেনা সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেনাবাহিনীর সদস্যদের ঐক্যবদ্ধভাবে পবিত্র সংবিধান এবং দেশমাতৃকার সার্বভৌমত্ব রক্ষায় অভ্যন্তরীণ কিংবা বাহ্যিক হুমকি মোকাবিলায় সদা প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী সেনা সদস্যদের উদ্দেশে বলেন, পবিত্র সংবিধান এবং দেশমাতৃকার সার্বভৌমত্ব রক্ষা করার জন্য আপনাদের সদা প্রস্তুত থাকতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৩ নভেম্বর বুধবার সিলেটের জালালাবাদ সেনানিবাসে বাংলাদেশ সেনাবাহিনীর ১৭ পদাতিক ডিভিশনের অধীন ১১ পদাতিক ব্রিগেডসহ ৯টি ইউনিটের পতাকা উত্তোলন অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

ইত্তেফাক, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **রাষ্ট্রপতির সঙ্গে প্রধান নির্বাচন কমিশনারের সাক্ষাত**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে গতকাল ২৩ নভেম্বর বুধবার বঙ্গভবনে সাক্ষাত করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দিন আহমদ। বৈঠকে প্রধান নির্বাচন কমিশনার কমিশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং কমিশনের ওপর অর্পিত দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সহযোগিতা চান। তিনি রাষ্ট্রপতিকে আরও জানান, রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের ১৩তলা ভবনের নির্মাণ কাজ শীঘ্রই শেষ হবে এবং ডিসেম্বরের শেষ সপ্তাহে এই ভবনটি উদ্বোধনের জন্য তিনি রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানান। প্রধান নির্বাচন কমিশনার নারায়নগঞ্জ সিটি করপোরেশন (নাসিক) এবং ৬১ জেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে কমিশনের প্রস্তুতি সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশনারকে নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

৩। **জঙ্গিরা স্বাভাবিক জীবনে ফিরে এলে পুনবার্সন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জঙ্গিদের আত্মসমর্পণ করার আহবান জানিয়ে বলেছেন, আত্মসমর্পণ করে স্বাভাবিক জীবনে ফিলে এলে তাদের পুনর্বাসন করা হবে। তিনি গতকাল ২৩ নভেম্বর বুধবার রংপুর নগরীর সেনানিবাস সংলগ্ন একটি অডিটরিয়ামে জেএমবির ৩ সক্রিয় সদস্যের আত্মসমর্পণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে একথা বলেন। সেই সঙ্গে তিনি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, যারা জঙ্গি বানানোর কাজে প্রলুব্ধ করে ভুল পথে পরিচালিত করছেন, অর্থ জোগান দিচ্ছেন তাদের পরিণাম হবে ভয়াবহ। এদের কোনো নিস্তার নেই, সবাইকে খুঁজে বের করে আইনের কাঠগড়ায় দাঁড় করানো হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৪। **এসডিজি অর্জনে বিনিয়োগ বৃদ্ধির বিকল্প নেই : এমডিজির মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে বক্তারা**

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনের জন্য বিনিয়োগ বৃদ্ধির বিকল্প নেই। বিনিয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব হলেই এসডিজি অর্জন সম্ভব হবে। এ জন্য অভ্যন্তরীণ বিনিয়োগ বাড়ানোর পাশাপাশি সরাসরি বিদেশি বিনিয়োগও বৃদ্ধি করার উদ্যোগ নিতে হবে। গতকাল ২৩ নভেম্বর রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনে কক্ষে আনুষ্ঠানিকভাবে এ প্রতিবেদন প্রকাশ করা হয়। অনুষ্ঠানে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ।সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.৬)।

৫। **বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজ করছে : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, অতীতের যে কোনো সময়ের তুলনায় বর্তমানে বাংলাদেশে সবচেয়ে সুষ্ঠু বিনিয়োগ-বান্ধব পরিবেশ বিরাজ করছে। বর্তমান সরকার দেশি-বিদেশি বিনিয়োগকে সব সময় উৎসাহ প্রদান করে। বিভিন্ন দেশের বিনিয়োগকারীরাও এখন বাংলাদেশে আসছে। গতকাল ২৩ নভেম্বর বুধবার চীনের সাংহাই-এ হোটেল শাংরিলায় স্বাস্থ্যখাতের অবকাঠামো নির্মাতা প্রতিষ্ঠান সাইনোফার্ম ইন্টারন্যাশনাল কর্পোরেশনের একটি প্রতিনিধি দলের সাথে সাক্ষাৎকালে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

৬। কর্মরত অবস্থায় শ্রমিক মারা গেলে ক্ষতিপূরণ ৫ লাখ টাকা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

কর্মরত অবস্থায় কোনো শ্রমিক মারা গেলে তার পরিবারকে ৫ লাখ টাকা দেওয়া হবে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক। প্রতিমন্ত্রী আরো বলেন, কোনো শ্রমিকের ক্যান্সার বা গুরুতর অসুস্থ হলে তাকে ১ লাখ টাকা দেওয়া হবে। এছাড়া শ্রমিকদের সন্তানদের সরকারি মেডিকেল কলেজে পড়ার ক্ষেত্রে ৩ লাখ টাকা, সরকারি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ৫০ হাজার টাকা ও নারী শ্রমিকের মাতৃত্বকালীন ৯ থেকে ১০ মাস ২৫ হাজার টাকা করে মাসিক ভাতা দেওয়া হবে। তবে এক্ষেত্রে শ্রমিকদের শ্রম মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে ফরম নিয়ে পূরণ করে জমা দিতে হবে। গতকাল ২৩ নভেম্বর বুধবার সব খাতের নারী শ্রমিকদের সংগঠন নারী শ্রমিক কণ্ঠ আয়োজিত নারী শ্রমিক সম্মেলনের উদ্বোধন অধিবেশনে প্রতিমন্ত্রী এসব কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫)।

৭। আগামী ডিসেম্বরে ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

বিশ্বজুড়ে নিরাপদ অভিবাসন ব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে আগামী ১০-১২ ডিসেম্বর ঢাকায় আন্তর্জাতিক অভিবাসন সম্মেলন হবে। উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশ্বের বিভিন্ন দেশের ২০ মন্ত্রীসহ ৫ শতাধিক প্রতিনিধি এই সম্মেলনে যোগ দেবেন। গতকাল ২৩ নভেম্বর বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্র সচিব শহীদুল হক এসব তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৩)।

৮। মিয়ানমারের রাষ্ট্রদূতকে তলব : বাংলাদেশের কড়া প্রতিবাদ

বাংলাদেশে মিয়ানমারের রাষ্ট্রদূত মিউ মিন্ট থানকে গতকাল ২৩ নভেম্বর বুধবার বিকেলে তলব করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। দেশটির রাখাইন রাজ্যে সেনাবাহিনীর হাতে অব্যাহতভাবে রোহিঙ্গা মুসলিম জনগোষ্ঠীর বাড়িঘরে অগ্নিসংযোগ, লুটপাট ও ধর্ষণের প্রেক্ষাপটে চরম উদ্বেগ জানিয়ে বাংলাদেশ সরকার এ পদক্ষেপ নিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (দ্বিপাক্ষিক) কামরুল আহসান মিয়ানমার দূতকে ডেকে বাংলাদেশ সরকারের গভীর উদ্বেগের কথা জানান এবং কড়া ভাষায় একটি প্রতিবাদপত্র তুলে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। মহান মুক্তিযুদ্ধে অবদান রাখায় আরও ২৪ বীরাঙ্গনা পেল মুক্তিযোদ্ধার স্বীকৃতি

সর্বোচ্চ ত্যাগ স্বীকার করে একাত্তরের মহান মুক্তিযুদ্ধে অবদান রাখা আরও ২৪ বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়েছে সরকার। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) ৩৭তম সভার সিদ্ধান্ত অনুযায়ী তাদের মুক্তিযোদ্ধার স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করা হয়। এ নিয়ে ১৭০ জন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধার স্বীকৃতি দেওয়া হলো। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউএজ** (পৃ.৩,ক.৭)।

১০। কেউ পাস করেনি বা ভর্তি হয়নি এমন স্কুল-কলেজের অনুমোদন বাতিলের নির্দেশ : শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র জারি

শতভাগ ফেল এবং একজন শিক্ষার্থীও ভর্তি না হওয়া উচ্চ মাধ্যমিক পর্যায়ের ২১৯টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের লাগাম টেনে ধরতে, এখন থেকে যত্রতত্র খেয়াল খুশিমতো যে কেউ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন না করার ব্যাপারে কড়াকড়ি আরোপ করা হয়েছে। গতকাল ২৩ নভেম্বর বুধবার শিক্ষা মন্ত্রণালয় জারিকৃত এক পরিপত্রে এ তথ্য জানানো হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **যায়যায়দিন** (পৃ.১,ক.৫)।

১১। তৈরি পোশাক, চামড়া ও পাট খাতে বিনিয়োগে আগ্রহী ওমান

দেশের তৈরি পোশাক, চামড়া ও চামড়াজাত পণ্য ও এবং পাট ও পাটজাতদ্রব্যসহ অন্যান্য উদীয়মান খাতে বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে ওমান। গতকাল ২৩ নভেম্বর বুধবার মতিঝিলের ফেডারেশন ভবনে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই নেতাদের সাথে বৈঠকে এ আগ্রহ প্রকাশ করে ওমানের বাণিজ্য প্রতিনিধিদলের সদস্যরা। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.২), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **নিউ নেশন** (পৃ.৯,ক.১)।

১২। জলবায়ু পরিবর্তন তহবিলে অর্থায়নের ক্ষেত্রে উন্নত দেশের প্রতিশ্রুত অনুদান আদায়ে সচেষ্ট হতে হবে : টিআইবি

জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত দেশ হিসেবে ঋণের পরিবর্তে উন্নত বিশ্বের প্রতিশ্রুত অনুদানের অধিকার আদায়ে বাংলাদেশ সরকারকে আন্তর্জাতিক পরিমণ্ডলে জোরালো ভূমিকা পালনের আহ্বান জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। গতকাল ২৩ নভেম্বর বুধবার টিআইবির ধানমণ্ডিস্থ কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে এই আহ্বান জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের স্বাস্থ্যখাতে অনেক সাফল্য ও স্বীকৃতি লাভের পরিপ্রেক্ষিতে সরকারি বেসরকারি চিকিৎসা ব্যবস্থার সমন্বয় সাধন এবং জটিল ও অসংক্রামক রোগের চিকিৎসা উন্নয়নে মনোযোগ বৃদ্ধি করার সুপারিশ

খ. **সংবাদ :** গত ৮ বছরে প্রায় সাড়ে ১৩শ মাদ্রাসায় নতুন ভবন ও শ্রেণীকক্ষ নির্মাণ হওয়ায় রাষ্ট্রের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে শুধু মাদ্রাসা নয়, সব ধরণের শিক্ষার প্রতিই সমানভাবে গুরুত্ব দেওয়ার আহ্বান

গ. **জনকণ্ঠ :** দেশ জুড়ে ভাল স্কুলের সংখ্যা বাড়ানোর জন্য দরকার সমন্বিত পরিকল্পনা ও প্রচেষ্টা বলে অভিমত

ঘ. **প্রথম আলো, ভোরের কাগজ, ডেইলি স্টার :** আশুলিয়ার গ্যাস লাইটার কারখানায় আগুন লাগার বিষয় তুলে ধরে নারকীয় মৃত্যু ঠেকানোর স্বার্থে কঠোর বিচারের পাশাপাশি কর্মপরিবেশ নিরাপদ করার ব্যবস্থা নিশ্চিত করার আহ্বান

ঙ. **সমকাল :** ইন্টারনেট সেবা পেতে গ্রাহকরা যেন প্রতারিত না হন বিআরটিসিকে তা নিশ্চিত করার সুপারিশ

চ. **যুগান্তর :** বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির অফিসে দালালদের দৌরাত্ম্য বন্ধে সরকারের কঠোর পদক্ষেপের প্রত্যাশা

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ঝুঁকিপূর্ণ কাজে জড়িত শিশু শ্রমিকদের নিয়োগ বন্ধ করাসহ শিশু শ্রম বন্ধে প্রচলিত আইনের কঠোর প্রয়োগের সুপারিশ

জ. **ডেইলি সান :** বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অতিদ্রুত শিক্ষার মান উন্নয়নে সচেষ্ট হয়ে শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘবের পদক্ষেপ নেওয়ার আহ্বান

ঝ. **নিউ এজ :** সৌদি আরবে অবস্থানরত বেকার ১৮০০ প্রবাসী বাংলাদেশিদের পাশে দাঁড়াতে সরকারের প্রতি আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছেন।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে রোহিঙ্গাদের ওপর অত্যাচার-নির্যাতনের মাত্রা ভয়াবহ হলেও বাংলাদেশে ঠেলে দেওয়া এবং সীমান্ত খুলে দেওয়ার মধ্যে সমাধান নেই। সমাধান খুঁজতে হবে মিয়ানমারের ভেতরেই বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'মিড-ডে মিল: আগামী সম্ভাবনার বাতিঘর'** শিরোনামের নিবন্ধে শরীফুল্লাহ মুক্তি অবুঝ কোমলমতি শিক্ষার্থীদের সুস্বাস্থ্য রক্ষার্থে সব প্রাথমিক বিদ্যালয়ে নিজেদের মতো করে মিড-ডে মিল কার্যক্রম চালিয়ে যাওয়া উচিত বলে অভিমত প্রকাশ করেছেন

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা